দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 8 1998
পৃঃ ৪ কলাম ৫

219

# কল্যাণ তহবিলের টাকা কি আদৌ পাওয়া যাইবে?

আমি বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত একজন শিক্ষক। পত্র-পত্রিকা মারফত জানা গেল যে, সরকারী কল্যাণ তহরিল হইতে এককালীন কিছু সাহায্য পাওয়া যাইবে। উল্লেখ করা প্রয়োজন যে, ঐ কল্যাণ তহবিলের জন্য এরশাদ সরকারের আমলে আমাদের বেতন হইতে ২% করিয়া কর্তন করা হয়। অবসরগ্রহণের পর দুই বৎসর পার হইতে চলিল কল্যাণ তহবিল হইতে ইতিমধ্যে কোন সাহায্য-সহযোগিতা পাই নাই। বর্তমানে পরিবার-পরিজন নিয়া অর্ধাহারে-অনাহারে দিনাতিপাত করিতে হইতেছে। এইবার সরকারী কল্যাণ তহবিল হইতে এককালীন সাহায্য, পাওয়ার যে খবর মিলিয়াছে, তাহা আদৌ পাওয়া যাইবে কিনা– এই প্রশ্ন জাগা অস্বাভাবিক নয়। কারণ এইরূপ আশ্বাস পূর্বে পাওয়া গিয়াছিল। এমতাবস্থায়, আমাদের আর্থিক সঙ্কটে যাহাতে ঐ কল্যাণ তহবিলের টাকা যথার্থ অর্থেই কাজে লাগিতে পারে, সেজন্য অনতিবিলম্বে ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সনির্বন্ধ আবেদন জানাইতেছি।

রমেন্দ্র লাল দে,
গ্রাম ঃ নিচিন্তা, ডাক ঃ দাঁতমারা,
থানা ঃ ফটিকছড়ি, জেলা ঃ চট্টগ্রাম